

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 14-02-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

President's rule imposed in Manipur :

মুখ্যমন্ত্রী এন বীরেন সিংহের পদত্যাগের কয়েকদিন পর মণিপুরে রাষ্ট্রপতি শাসন জারি করা হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রক এই বিষয়ে একটি আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করেছে। প্রজ্ঞাপনে বলা হয়েছে যে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু মণিপুরের রাজ্যপালের কাছ থেকে একটি প্রতিবেদন পেয়েছেন এবং প্রতিবেদনটি বিবেচনা করার পরে সংবিধানের ৩৫৬ অনুচ্ছেদ দ্বারা প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করে রাজ্যে রাষ্ট্রপতি শাসন জারি করা হয়েছে।

Budget Session in Lok Sabha :

লোকসভায় প্রথম পর্বের বাজেট অধিবেশন গতকাল শেষ হয়েছে। বিরতির পর আগামী ১০ই মার্চ অধিবেশনের দ্বিতীয় পর্ব আবার শুরু হবে। অধ্যক্ষ ওম বিড়লা বলেছেন, সংসদের যৌথ অধিবেশনে রাষ্ট্রপতির দেওয়া ধন্যবাদপ্রাপক ভাষণে ১৭৭ জন সদস্য অংশ নিয়েছেন। তিনি আরো বলেন, ২০২৫-২৬ সাধারণ বাজেটের ওপর আলোচনায় ১৭০ জন সাংসদ অংশ নিয়েছেন।

Income Tax Bill 2025 :

অর্থমন্ত্রী নির্মলা সীতারামণ গতকাল লোকসভায় আয়কর বিল-২০২৫ পেশ করেছেন। এই বিলের মূল উদ্দেশ্য হল আয়কর সম্পর্কিত আইনের সংশোধন। অর্থমন্ত্রী এই বিল সম্পর্কে বলেন, সাধারণ মানুষের স্বার্থে বর্তমান আয়কর আইনকে আরো

সরলীকরণ করা হয়েছে। আরো খতিয়ে দেখার জন্য বিলটি সংসদের সিলেক্ট কমিটিতে পাঠানো উচিত।

Women's Day :

আন্তর্জাতিক নারী দিবস উদযাপন উপলক্ষ্যে গতকাল সচিবালয়ে সমাজকল্যাণ মন্ত্রী টিংকু রায়ের সভাপতিত্বে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। এবছরের আন্তর্জাতিক নারী দিবস উদযাপনের থিম হচ্ছে 'ফর অল ওমেন এন্ড গার্লস রাইটস, ইকুয়ালিটি, এমপাওয়ারমেন্ট'। সভায় মন্ত্রী শ্রী রায় আন্তর্জাতিক নারী দিবস উদযাপনকে কেন্দ্র করে বাল্যবিবাহ ও অপ্রাপ্ত বয়সে গর্ভধারণ রোধের মতো সামাজিক বিষয়গুলি নিয়ে রাজ্যব্যাপী বিশেষ প্রচারাভিযান চালানোর জন্য দপ্তরের আধিকারিকদের পরামর্শ দেন।

TBSE :

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের এবছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হবে আগামী ২৪শে ফেব্রুয়ারি। শেষ হবে ২২শে মার্চ। তাছাড়া মাধ্যমিক পরীক্ষা শুরু হবে ২৫শে ফেব্রুয়ারি এবং শেষ হবে ১৮ই মার্চ। পর্ষদ সচিব দুলাল দে গতকাল এখবর জানিয়েছেন। তিনি জানান, এবছর ৬৮টি পরীক্ষা কেন্দ্রে মাধ্যমিক পরীক্ষা ও ৬০টি পরীক্ষা কেন্দ্রে উচ্চমাধ্যমিক পরীক্ষা গ্রহণ করা হবে।

World Radio Day :

বিশ্ব বেতার দিবস উপলক্ষ্যে গতকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শুভেচ্ছা জানিয়ে সামাজিক মাধ্যমে বলেছেন যে রেডিও অনেক মানুষের জন্য একটি চিরন্তন জীবনরেখা, যা মানুষকে তথ্য প্রদান

করে, অনুপ্রাণিত করে এবং সংযুক্ত করে। তিনি রেডিও জগতের সঙ্গে যুক্ত সকলের প্রশংসাও করেছেন। একই সঙ্গে প্রধানমন্ত্রী এই মাসের ২৩ তারিখে অনুষ্ঠিত 'মন কি বাত' অনুষ্ঠানের জন্য দেশবাসীকে তাদের ধারণা এবং মতামত জানাতে আমন্ত্রণ জানিয়েছেন। আকাশবাণীর মহানির্দেশক ডঃ প্রজ্ঞা পালিওয়াল গৌড় বলেন, আকাশবাণী সর্বদা জলবায়ু পরিবর্তন সম্পর্কে জনগণের মধ্যে সচেতনতা তৈরিতে প্রতিশ্রুতিবদ্ধ। আকাশবাণীর অনুষ্ঠানের প্রচারণার পাশাপাশি সংবাদের উপরও জনগণের আস্থা রয়েছে।

Start Up :

উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রকের প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার রাজ্যসভায় জানিয়েছেন, ২০২৪ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে মোট ২ হাজার ৫৪টি স্টার্টআপ সংস্থা গড়ে উঠেছে। এর মধ্যে - ত্রিপুরায় ১৪১টি, আসামে ১ হাজার ৪৮৭টি, অরুণাচল প্রদেশে ৪৭টি, মণিপুরে ১৭৯টি, মেঘালয়ে ৬২টি, মিজোরামে ৪১টি, নাগাল্যান্ডে ৮৫টি এবং সিকিমে ১২টি স্টার্টআপ সংস্থা গড়ে উঠেছে।

Mahakumbha :

প্রয়াগরাজ মহাকুম্ভে ভক্তদের নির্বিঘ্নে যাতায়াত নিশ্চিত করার জন্য, এখন থেকে শাটল বাসের পাশাপাশি ই-রিকশা এবং অটোরিকশাও সম্মে নির্বিঘ্নে যাত্রীদের পৌঁছে দেবার সুযোগ পাবে। জেলা শাসক জানিয়েছেন এখন থেকে শহরের সমস্ত অফিস খোলা থাকবে। যানজট মোকাবিলায় প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে। সপ্তাহান্তে বিপুল সংখ্যক ভক্ত সমাগমের কথা বিবেচনা করে প্রশাসন একটি বিশেষ পরিকল্পনাও তৈরি করেছে।

TRLM :

ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনে চলতি অর্থবছরে পশ্চিম ত্রিপুরা জেলায় ৬৭৬টি স্বসহায়ক দলকে স্বনির্ভর প্রকল্পে ৪০ হাজার থেকে ৬০ হাজার টাকা কমিউনিটি ইনভেস্টমেন্ট ফান্ড দেওয়া হয়েছে। তাছাড়া চলতি অর্থবছরে জেলার ১৫১৫টি স্বসহায়ক দলকে বিভিন্ন ব্যাঙ্ক থেকে ঋণ দেওয়া হয়েছে।

PM Surya Ghar Muft Bijli Yojna :

প্রধানমন্ত্রী সূর্য ঘর মুফত বিজলী যোজনা প্রকল্পে এখন পর্যন্ত রাজ্যে ১২ হাজার ২১৭ জন ভোক্তা অনলাইনে নাম নথিভুক্ত করেছেন। এই প্রকল্পের স্টেট নোডাল অফিসার সুজাতা সরকার আকাশবাণীর প্রতিনিধিকে একথা জানিয়েছেন।

National Games :

উত্তরাখণ্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমসের এপর্যন্ত মোট ৪৫৬টি স্বর্ণপদকের ফয়সালা হয়েছে। এরমধ্যে ৬৮টি স্বর্ণপদক নিয়ে সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড তালিকার শীর্ষে রয়েছে। ৫৪টি স্বর্ণ পদক নিয়ে মহারাষ্ট্র দ্বিতীয় স্থানে এবং ৪৮টি স্বর্ণপদক নিয়ে হরিয়ানা তৃতীয় স্থানে রয়েছে।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি

থাকবে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস।
